



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৭জি-৪৪ (ক-৩)/২০০৩(অংশ-১)/৪৩২/০

তারিখ : ০১/০৬/১৪২৭ বঙ্গাব্দ  
১৫/০৬/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বকেয়া প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুম্ববাজার জেলার চকরিয়া উপজেলাধীন চকরিয়া ডিপ্রি কলেজের সাবেক উপাধ্যক্ষ জনাব আবু তাহেরকে ২৪/০৬/২০০৮ তারিখে কলেজ গভর্নিং বডি উপাধ্যক্ষ পদ হতে সাময়িক বরখাস্ত করেন এবং ০৯/১২/২০০৯ তারিখ স্থায়ীভাবে বরখাস্ত করেন। বরখাস্তের আদেশের বিরুদ্ধে তিনি মহামান্য হাইকোর্টে ৬৮২৭/১৪ নং রীট পিটিশন দাখিল করেন। তিনি তাঁর প্রাপ্য বকেয়া বেতন ভাতা পাওয়ার নিমিত্তে ২৫/০৬/২০০৮ হতে ১৫/১২/২০১৭ পর্যন্ত বকেয়া ভাতার বিষয়ে আবেদন করলে আইন উপদেষ্টা মতামত প্রদান করেন।

আইন উপদেষ্টার মতামতঃ “উপাধ্যক্ষ জনাব আবু তাহের-এর ২৫/০৬/২০০৮ হতে ১৫/১২/২০১৭ পর্যন্ত বকেয়া বেতন-ভাতার সরকারি অংশ জনবল কাঠামো ১৮.৫ ধারা অনুযায়ী প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্টি মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

এমতাবস্থায়, সাবেক উপাধ্যক্ষ জনাব আবু তাহের-এর ২৫/০৬/২০০৮ হতে ১৫/১২/২০১৭ পর্যন্ত বকেয়া বেতন-ভাতার সরকারি অংশ জনবল কাঠামো ১৮.৫ ধারা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AC/MD/১৫/৬, ২০২০  
(মোঃ আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ  
চকরিয়া ডিপ্রি কলেজ  
চকরিয়া, কুম্ববাজার।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক (সেসিপ-কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
২. সভাপতি, পরিচালনা পরিষদ, চকরিয়া ডিপ্রি কলেজ, চকরিয়া, কুম্ববাজার।
৩. শিক্ষা কর্মকর্তা (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. জনাব আবু তাহের, সাবেক উপাধ্যক্ষ, চকরিয়া ডিপ্রি কলেজ, চকরিয়া, কুম্ববাজার।
৫. সংরক্ষণ নথি।